**১১. কোন্ কোন্ এলাকা নিয়ে বরেন্দ্রভূমি গঠিত?** *[ঢা. বি. অনার্স ৪র্থ বর্ষ ২০১৬]*

**উত্তর :** নওগাঁ, রাজশাহী, বগুড়া, জয়পুরহাট, গাইবান্ধা, রংপুর, দিনাজপুর জেলার অংশবিশেষ নিয়ে বরেন্দ্রভূমি গঠিত।

**১২. কোন্ কোন্ জনপদ নিয়ে বাংলাদেশ গঠিত?** *[টঙ্গী সরকারি কলেজ, গাজীপুর]*

অথবা, **প্রাচীন কোন কোন জনপদ নিয়ে বর্তমান স্বাধীন বাংলাদেশের অবস্থান?** *[ইডেন মহিলা কলেজ, ঢাকা]*

**উত্তর :** প্রাচীন জনপদের গৌড়, বরেন্দ্র, সমতট, পুণ্ড্র, হরিকেল ইত্যাদি জনপদের সম্পূর্ণ ও আংশিক নিয়ে বর্তমান বাংলাদেশ গঠিত হয়েছে।

**১৩. প্রাচীন বাংলার কোন জনপদের নাম 'বাংলাদেশ' নাম হয়েছে?** *[সরকারি বাঙলা কলেজ, ঢাকা; নেত্রকোণা সরকারি কলেজ]*

**উত্তর :** প্রাচীন বাংলার বঙ্গ ও বঙ্গাল জনপদের নাম 'বাংলাদেশ' নাম হয়েছে।

**১৪. বাংলাদেশের দীর্ঘতম নদীর নাম কী?** *[জা. বি. অনার্স ৪র্থ বর্ষ ২০১৪; ডিগ্রি ১ম বর্ষ ২০১৬]*

অথবা, **বাংলাদেশের দীর্ঘতম নদী কোনটি?** *[ঢা. বি. (ডিগ্রি) ২০১৬]*

**উত্তর :** বাংলাদেশের দীর্ঘতম নদীর নাম মেঘনা (দৈর্ঘ্য ৬৬৯ কি. মি.)।

**১৫. গঙ্গার প্রধান দুটি শাখার নদীর নাম কী?** *[ইডেন মহিলা কলেজ, ঢাকা]*

**উত্তর :** পদ্মা ও ভাগীরথী নদী।

**১৬. পদ্মা নদী কোথায় মেঘনা নদীর সাথে মিশেছে?** *[জা. বি. অনার্স ১ম বর্ষ ২০১৫, ২০১৭, ২০১৯]*

**উত্তর :** পদ্মা নদী চাঁদপুরে মেঘনা নদীর সাথে মিশেছে।

**১৭. পদ্মা নদী কোথায় যমুনার সাথে মিলিত হয়েছে?** *[সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া; সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা]*

**উত্তর :** গোয়ালন্দ, রাজবাড়ী।

**১৮. সুরমা নদী কোথায় কুশিয়ারা নদীর সাথে মিশেছে?** *[এম. সি. কলেজ, সিলেট]*

**উত্তর :** সিলেট বেসিনে এসে একত্রিত হয়েছে।

**১৯. তিস্তা নদীর অপর নাম কী?** *[সরকারি বি এম কলেজ, বরিশাল]*

**উত্তর :** বুড়ি তিস্তা।

**২০. বাংলাদেশের উপর দিয়ে কোন ভৌগোলিক রেখা অতিক্রম করেছে?** *[জা. বি. ডিগ্রি ১ম বর্ষ ২০১৯]*

অথবা, **বাংলাদেশের উপর দিয়ে কোন রেখা অতিক্রম করেছে?** *[দিনাজপুর সরকারি কলেজ]*

অথবা, **বাংলাদেশের মধ্যদিয়ে কোন ভৌগোলিক/আন্তর্জাতিক রেখা অতিক্রম করেছে?** *[সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুর]*

অথবা, **বাংলাদেশের মধ্যভাগ দিয়ে কোন রেখা অতিক্রম করেছে?** *[সরকারি বি এম কলেজ, বরিশাল]*

**উত্তর :** কর্কটক্রান্তি রেখা।

### □ খ. নৃতাত্ত্বিক গঠন

**২১. বাঙালিদের উপর কোন নরগোষ্ঠীর প্রভাব সবচেয়ে বেশি?** *[জা. বি. অনার্স ১ম বর্ষ ২০১৮; অনার্স ৪র্থ বর্ষ ২০১৪]*

অথবা, **কোন গোষ্ঠী থেকে বাঙালি জাতির প্রধান অংশ গড়ে উঠেছে?** *[রংপুর সরকারি কলেজ]*

অথবা, **বাংলাদেশের কোন নরগোষ্ঠির সদস্যরা সবচেয়ে প্রাচীন?** *[সরকারি হাজী মুহাম্মদ মুহসিন কলেজ, চট্টগ্রাম]*

**উত্তর :** অস্ট্রিক নরগোষ্ঠী।

**২২. বাংলার আদি জনগোষ্ঠীকে কত ভাগে ভাগ করা হয়?** *[সরকারি তিতুমীর কলেজ, ঢাকা]*

**উত্তর :** দুভাগে। যথা- আর্য ও অনার্য জনগোষ্ঠী।

**২৩. নৃতাত্ত্বিকভাবে বাংলাদেশের মানুষ প্রধানত কোন নরগোষ্ঠির অন্তর্ভুক্ত?** *[টঙ্গী সরকারি কলেজ, গাজীপুর]*

অথবা, **বাংলাদেশের আদি জনপদের অধিবাসীরা কোন জাতির অন্তর্ভুক্ত?** *[গাইবান্ধা সরকারি কলেজ]*

**উত্তর :** আদি অস্ট্রালয়েড (Proto Australoid)।

**২৪. বাংলাদেশের আদি জনগোষ্ঠীর নাম কী?** *[সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ]*

অথবা, **বাংলাদেশের আদি নরগোষ্ঠীর নাম কী?** *[সরকারি এম এম কলেজ, যশোর]*

**উত্তর :** অস্ট্রালয়েড।

**২৫. সংকর জাতি কাকে বলে?** *[কবি নজরুল সরকারি কলেজ, ঢাকা]*

**উত্তর :** বিভিন্ন জাতির সংমিশ্রণে যে নতুন জাতির সৃষ্টি হয় তাকে সংকর জাতি বলে।

### □ গ. ভাষা

**২৬. বাংলা ভাষার উদ্ভব হয়েছে কোন ভাষা থেকে?** *[জা. বি. অনার্স ১ম বর্ষ ২০১৪, ২০১৮; অনার্স ৪র্থ বর্ষ ২০১৫; ডিগ্রি ১ম বর্ষ ২০১৭, ২০২০]*

অথবা, **বাংলা ভাষা কোন মূল ভাষা থেকে উৎপত্তি লাভ করেছে?** *[কবি নজরুল সরকারি কলেজ, ঢাকা]*

অথবা, **কোন ভাষাগোষ্ঠী থেকে বাংলা ভাষার উৎপত্তি হয়েছে?** *[সরকারি বি. এম. কলেজ, বরিশাল]*

**উত্তর :** ইন্দো-ইউরোপীয় মূল ভাষা হতে।

**২৭. বাংলা ভাষার আদি নিদর্শনের নাম কী?**

*[জা. বি. অনার্স ১ম বর্ষ ২০১৬, ২০১৯, ২০২১; অনার্স ৪র্থ বর্ষ ২০১৩, ২০১৬; ডিগ্রি ১ম বর্ষ ২০১৪, ২০১৬, ২০১৮, ২০১৯]*

অথবা, **বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন কী?** *[ইডেন মহিলা কলেজ, ঢাকা]*

**উত্তর :** বাংলা ভাষার আদি নিদর্শনের নাম ‘চর্যাপদ’।

**২৮. চর্যাপদ কী?** *[মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ]*

**উত্তর :** চর্যাপদ হলো বাংলা ভাষার আদি নিদর্শনের নাম।

**২৯. চর্যাপদ কোথায় আবিষ্কৃত হয়?** *[ঢা. বি. ডিগ্রি ১ম বর্ষ ২০১৬; অনার্স ১ম বর্ষ ২০১৭]*

**উত্তর :** নেপালের গ্রন্থাগার হতে।

**৩০. চর্যাপদ কে আবিষ্কার করেন?**

**উত্তর :** হরপ্রসাদ শাস্ত্রী।

**৩১. চর্যাপদ কত সালে আবিষ্কৃত হয়?**

**উত্তর :** ১৯০৭ সালে।

**৩২. বাংলা ভাষা কোন ভাষা গোষ্ঠীর অন্তর্গত?** *[সরকারি বি. এম. কলেজ, বরিশালা]*

**উত্তর :** ইন্দো-ইউরোপীয় ভাষা গোষ্ঠীর অন্তর্গত।

**৩৩. বাংলা লিপির উৎপত্তি কোন লিপি থেকে?** *[রাজশাহী কলেজ, রাজশাহী]*

**উত্তর :** ব্রাহ্মীলিপি।

### ঘ. সংস্কৃতির সমন্বয়বাদিতা ও ধর্মীয় সহনশীলতা

**৩৪. সংস্কৃতি সমন্বয়বাদিতা কী?** *[সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া]*

**উত্তর :** সকল সম্প্রদায়ের সংস্কৃতি মিলে যখন একটি সাধারণ সংস্কৃতির রূপ লাভ করে তখন তাকে সংস্কৃতির সমন্বয়বাদিতা বলে।

**৩৫. ধর্মীয় সহনশীলতা কী?**

**উত্তর :** যার যার ধর্ম সে সে স্বাধীনভাবে পালন করবে বা করতে দেওয়াকেই ধর্মীয় সহনশীলতা বলে।

### ঙ. অবিভক্ত বাংলার প্রেক্ষিতে তৎকালীন পূর্ববঙ্গ ও বর্তমান বাংলাদেশের স্বকীয় সত্তা

**৩৬. ১৯৪৭ সালে বাংলাকে কোন দুটি নামে ভাগ করা হয়।**

**উত্তর :** ১৯৪৭ সালে বাংলাকে পূর্ববাংলা ও পশ্চিম বাংলা নামে ভাগ করা হয়।

## খ বিভাগ : সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

### ক. ভূ -প্রকৃতির বৈশিষ্ট্য ও প্রভাব

**প্রশ্ন-১.১। বাংলাদেশের ভৌগোলিক অবস্থান বর্ণনা কর।**

*[ঢা. বি. ৭ কলেজ অনার্স ১ম বর্ষ ২০২০; জা. বি. অনার্স ১ম বর্ষ ২০১৫, ২০১৭; অনার্স ৪র্থ বর্ষ ২০১৫; ডিগ্রি ১ম বর্ষ ২০১৫, ২০১৭, ২০১৯]*

অথবা, **বাংলাদেশের ভৌগোলিক অবস্থানের বর্ণনা দাও।** *[ঢা. বি. ৭ কলেজ অনার্স ১ম বর্ষ ২০১৮]*

**উত্তর : ভূমিকা :** বর্তমান ভৌগোলিক, রাজনৈতিক, অর্থনৈতিক, ভাষাতাত্ত্বিক ও সাংস্কৃতিক পরিচয়ে যে জনগোষ্ঠী বাঙালি এবং যে ভূখণ্ড বাংলা বা বাংলাদেশ বলে আন্তর্জাতিক খ্যাতি অর্জন করেছে, তা একটি ঐতিহাসিক ক্রমবিবর্তনের মাধ্যমে বিকাশ লাভ করেছে। আর এই বিকাশধারা লক্ষ করা যায় প্রাচীন, মধ্যযুগ ও আধুনিক যুগের কালপরিক্রমায়।

**বাংলার ভৌগোলিক অবস্থান :** বাংলাদেশ এশিয়া মহাদেশের দক্ষিণে অবস্থিত ভারত উপমহাদেশের একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র। ২০°৩৪′ থেকে ২৬°৩৮′ উত্তর অক্ষাংশ এবং ৮৮°০′ থেকে ৯২°৪′ পূর্ব দ্রাঘিমাংশ পর্যন্ত বাংলাদেশের বিস্তৃতি।

**বাংলার ভৌগোলিক সীমারেখা :** রাজনৈতিকভাবে বাংলাদেশের উত্তরে ভারতের পশ্চিমবঙ্গ, মেঘালয় ও আসাম, পূর্বে ভারতের আসাম, ত্রিপুরা, মিজোরাম এবং মায়ানমার, পশ্চিমে ভারতের পশ্চিমবঙ্গ এবং দক্ষিণে রয়েছে বঙ্গোপসাগর। প্রাকৃতিকভাবে এদেশের উত্তরে হিমালয়, উত্তর-পূর্বে ব্রহ্মপুত্র নদ ও তার উপত্যকা; পূর্বে গারো, খাসিয়া, জৈন্তিয়া, আসাম, ত্রিপুরা, পার্বত্য চট্টগ্রামের পর্বতমালা ও আরাকান পর্বতমালা; পশ্চিমে রাজমহল পাহাড়, খরস্রোতা নদী পদ্মা, ঝাড়খণ্ড অরণ্য, সাঁওতাল পরগনা ও ছোটো নাগপুর পর্বতমালা; আরো নিচে বালেশ্বর, কেয়ঞ্জর, ও ময়ূরভঞ্জের জঙ্গলাকীর্ণ ভূমি এবং দক্ষিণে বঙ্গোপসাগর। সুতরাং বাংলার উত্তরে যেমন পর্বত, পূর্ব ও পশ্চিমেও সেরকম পাহাড়ি ও উচ্চভূমি। আর দক্ষিণে বিশাল সমুদ্র।

**উপসংহার :** উপরিউক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে বলা যায় যে, প্রাচীন জনপদ 'বঙ্গ' থেকে মধ্যযুগে 'বাঙ্গালাহ', আধুনিক যুগে তথা ব্রিটিশ শাসনামলে পর্তুগিজদের 'বেঙ্গালা', ইংরেজদের 'বেঙ্গল' পাকিস্তান শাসনামলে 'পূর্ববঙ্গ' (১৯৪৭-১৯৫৫) 'পূর্ব পাকিস্তান' (১৯৫৫) এবং মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীনতা লাভের পর 'বাংলাদেশ' (১৯৭১) নামে সুপ্রতিষ্ঠিত হয়েছে।

**প্রশ্ন-১.২ । বাংলাদেশের ভৌগোলিক বৈশিষ্ট্য কী?** *[জা. বি. অনার্স ৪র্থ বর্ষ ২০১৬]*

**অথবা, বাংলাদেশের ভৌগোলিক বৈশিষ্ট্য সংক্ষেপে লিখ।** *[জা. বি. ডিগ্রি ১ম বর্ষ ২০২১]*

**উত্তর : ভূমিকা :** বাংলাদেশ একটি বিশেষ ভৌগোলিক অঞ্চল হিসেবে স্বীকৃত। ভৌগোলিকভাবে বাংলাদেশকে এই বিশেষত্ব দান করেছে এর অবস্থান, ভূতাত্ত্বিক গঠন, নদ-নদী, আবহাওয়া ও জলবায়ু। আর এই সব বিশেষত্বের কারণেই বাংলাদেশকে একটি প্রাকৃতিক নৈসর্গিক দেশ বলা হয়।

**বাংলাদেশের ভৌগোলিক বৈশিষ্ট্য :** নিম্নে বাংলাদেশের ভৌগোলিক বৈশিষ্ট্য উল্লেখ করা হলো :

১. **অবস্থানগত :** বাংলাদেশ ভারতের সর্ব দক্ষিণ-পূর্ব প্রান্তে অবস্থিত। স্বাভাবিকভাবে ভারতের অন্যান্য অঞ্চল থেকে দূরবর্তী অঞ্চলে হওয়ায় বাংলায় ভারতীয় প্রভাব সীমিত লক্ষ করা যায়।

২. **প্রাকৃতিক ভাবে সীমা নির্ধারিত :** বাংলাদেশ প্রাকৃতিক বেষ্টনী দ্বারা আবদ্ধ। উত্তর, পূর্ব ও পশ্চিম এই তিন দিক পাহাড় পর্বত, উচ্চভূমি, নদী ও গহীন অরণ্য দ্বারা বেষ্টিত। আর দক্ষিণ দিকে রয়েছে বিশাল সমুদ্র।

৩. **মৌসুমী জলবায়ুর অন্তর্গত :** বাংলাদেশ মৌসুমী জলবায়ু অঞ্চলের অন্তর্গত। ফলে এপ্রিল মাস থেকে সেপ্টেম্বর মাস পর্যন্ত দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু প্রবাহিত হয়। আর এই বায়ু বঙ্গোপসাগরের উপর দিয়ে আসার সময় প্রচুর জলীয় বাষ্প বহন করে নিয়ে আসে। উত্তরে হিমালয় পবর্ত থাকায় সেখানে বাধাপ্রাপ্ত হয়ে প্রচুর বৃষ্টিপাত ঘটায়।

৪. **নদীমাতৃক দেশ :** বাংলাদেশ নদীমাতৃক দেশ। অসংখ্য নদী জালের মত ছড়িয়ে রয়েছে। এইসব নদী একদিকে নগর, বন্দর গড়ে তুলতে সহায়তা করেছে অন্যদিকে বাংলার সংস্কৃতিকে নিয়ন্ত্রণ করছে।

৫. **পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপ :** বাংলাদেশ পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপ। এ ব-দ্বীপ মূলত তিনটি ব-দ্বীপের সমন্বয়ে গঠিত। এগুলো হলো : গাঙ্গেয় ব-দ্বীপ, পুরাতন ব্রহ্মপুত্র, মেঘনা ব-দ্বীপ এবং পদ্মা-যমুনা-মেঘনা ব-দ্বীপ। বাংলার এ ব-দ্বীপ অঞ্চলটি বৃহত্তর কুষ্টিয়া, যশোর, ফরিদপুর, বরিশাল, পটুয়াখালি অঞ্চলের সমুদয় অংশ এবং রাজশাহী, পাবনা ও ঢাকা অঞ্চলের কিছু অংশ জুড়ে বিস্তৃত।

**উপসংহার :** উপরিউক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে বলা যায় যে, ভৌগোলিক ও প্রাকৃতিক বৈশিষ্ট্যে বাংলাদেশ পৃথিবীতে অনন্য, এত নদ-নদী এবং উর্বর সমতল ভূমি পৃথিবীর আর অন্য কোনো দেশে দেখা এবং পাওয়া যায় না। সুজল-সুফলা শস্য-শ্যামলা বাংলাদেশ পৃথিবীর বৃহত্তম বদ্বীপ।

**প্রশ্ন-১.৩ । বাংলাদেশের ইতিহাসে ভৌগোলিক প্রভাব আলোচনা কর।** *[জা. বি. ডিগ্রি ১ম বর্ষ ২০১৬]*

**উত্তর : ভূমিকা :** আমরা যদি কোনো দেশের ইতিহাস ও ঐতিহ্য সম্পর্কে জানতে চাই তাহলে সর্বপ্রথম সেই দেশের ভৌগোলিক ও প্রাকৃতিক অবস্থা সম্পর্কে সর্বপ্রথমে জানা প্রয়োজন। কেননা ভৌগোলিক পরিবেশ প্রত্যেক দেশের সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক ও অর্থনৈতিক জীবনের সাথে অঙ্গাঙ্গীভাবে জড়িত এবং এদের একটির সাথে অন্যটির সম্পর্ক অবিচ্ছেদ্য। বাংলাদেশের ইতিহাসে ভৌগোলিক প্রভাব অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**বাংলাদেশের ইতিহাসে ভৌগোলিক প্রভাব :** নিম্নে বাংলাদেশের ইতিহাসে ভৌগোলিক প্রভাব আলোচনা করা হলো :

১. **সমাজজীবনে প্রভাব :** নীতিশীতোষ্ণ আবহাওয়া এদেশের জনসাধারণকে প্রকৃতিগতভাবে কোমল ও শান্তভাবে গড়ে তুলেছে। তারা প্রকৃতিগতভাবেই পরোপকারী ও অতিথিপরায়ণ। এছাড়াও প্রাকৃতিক দুর্যোগের সময় ধৈর্যের সাথে মোকাবিলা করে নিজেদের অস্তিত্ব টিকিয়ে রাখে।

২. **সংস্কৃতির উপর প্রভাব :** বাংলাদেশের ভৌগোলিক ইতিহাসে সংস্কৃতি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। বাংলার সংস্কৃতি, সাহিত্য ও নৃত্যকলাকে প্রাকৃতিক সৌন্দর্যের বিপুল সমারোহ সমৃদ্ধ করেছে। এদেশের প্রাকৃতিক পরিবেশ মানুষের সুপ্ত প্রতিভাকে জাগ্রত করেছে। এজন্য সৃষ্টি হয়েছে অসংখ্য ভাবুক-দার্শনিক, কবি-সাহিত্যিক।

৩. **নদ-নদীর প্রভাব :** বাংলাদেশে রয়েছে ছোটো-বড়ো অনেক নদী। এসব নদীর দুই তীর ঘেঁষে এবং চরে গড়ে উঠেছে বিভিন্ন ধরনের জনপদ। জনপদে বসবাসকারী মানুষের জীবন-জীবিকা এ নদীকে কেন্দ্র করেই গড়ে উঠেছে।

৪. **রাজনৈতিক প্রভাব :** বাংলাদেশের জলবায়ু ও প্রাকৃতিক অবস্থান রাজনীতির উপর গভীর প্রভাব বিস্তার করেছে। দিল্লি থেকে এই বাংলার দূরত্ব বেশি না হলেও ভৌগোলিক কারণে এর যোগাযোগ ছিল অত্যন্ত কঠিন। এজন্য বিদেশি কোনো শাসক এদেশে আক্রমণ করার সাহস পেত না।

৫. **বহিরাক্রমণ থেকে রক্ষা :** বাংলাদেশের নদ-নদী প্রাকৃতিক সীমারেখা, জলাভূমি, দীর্ঘস্থায়ী বর্ষাকাল ইত্যাদি বহিরাক্রমণ থেকে এদেশকে রক্ষা করে চলেছে। এদেশের ভূপ্রকৃতির কারণেও বিদেশিরা এসে কোনো ধরনের সুবিধা করতে পারেনি। এজন্য যুদ্ধের ভয়াবহতা এদেশের মানুষকে এটা পোহাতে হয়নি।

**উপসংহার :** উপরিউক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে বলা যায় যে, বর্তমানকালের ন্যায় প্রাচীনকালেও বাংলার জনজীবন ভৌগোলিক উপাদানের দ্বারা বিভিন্নভাবে প্রভাবিত হয়েছে। অতীতকালে নদ-নদীর গতিপথের পরিবর্তনের জন্য বহু নগর ও শহরের উত্থান ও পতন ঘটেছে। এভাবে বাংলার ইতিহাসে ভৌগোলিক উপকরণগুলো গুরুত্বপূর্ণ প্রভাব ফেলতে সক্ষম হয়েছিল।

**প্রশ্ন-১.৪। বাংলাদেশের ভূ-প্রকৃতির বৈশিষ্ট্য সংক্ষেপে বর্ণনা কর।** *[সরকারি বাঙলা কলেজ, ঢাকা; বরগুনা সরকারি কলেজ]*

**উত্তর : ভূমিকা :** বাংলাদেশ পৃথিবীর একক বৃহত্তম ব-দ্বীপ। পদ্মা-যমুনা-মেঘনা নদী পশ্চিম-উত্তর ও উত্তর-পূর্ব দিক থেকে দেশের অভ্যন্তরে প্রবেশ করে একযোগে এ সুবিশাল ব-দ্বীপ সৃষ্টি করেছে। সীমিত উচ্চভূমি ব্যতীত সমগ্র দেশ এক বিস্তীর্ণ বৈচিত্র্যহীন সমভূমি। বাংলাদেশ ভূ-খণ্ড উত্তর-পশ্চিম হতে দক্ষিণ-পূর্ব দিকে কিছুটা ঢালু। ফলে প্রবাহিত সব-নদ-নদী এবং এদের উপনদী-শাখা নদীগুলো উত্তর দিক হতে দক্ষিণে বঙ্গোপসাগর অভিমুখে প্রবাহিত হয়েছে।

**বাংলাদেশের ভূ-প্রকৃতির বৈশিষ্ট্য :** বাংলাদেশের ভূ-প্রকৃতিকে তিনটি প্রধান বৈশিষ্ট্যে ভাগ করা যায়। যথা-

১. **টারশিয়ারি যুগের পাহাড়সমূহ :** রাঙামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, চট্টগ্রাম, সিলেট, মৌলভীবাজার ও হবিগঞ্জের পাহাড়ি এলাকাগুলো নিয়ে এ অঞ্চল গঠিত। এ পাহাড়গুলো বেলে পাথর, স্লেট জাতীয় পাথর এবং কাদামাটির সংমিশ্রণে গঠিত। পাহাড়গুলোর গায়ে ক্ষুদ্র বৃহৎ বৃক্ষরাজির বন এবং অসংখ্য ঝোঁপজঙ্গল রয়েছে। টারশিয়ারি যুগে হিমালয় পর্বত গঠনের সময় এসব পাহাড় সৃষ্টি হয়েছিল বলে এগুলোকে টারশিয়ারি পাহাড় বলে।

২. **প্লাইস্টোসিনকালের সোপান :** ৭ লক্ষ থেকে ২৫ লক্ষ বছর পূর্বে প্লাইস্টোসিনকালে বরফগলা পানিতে প্লাবনের সৃষ্টি হয়ে এসব চত্বরভূমি গঠিত হয়েছিল বলে অনুমান করা হয়। এ অঞ্চলের মাটির রং লাল ও ধূসর। বাংলাদেশের বরেন্দ্র অঞ্চল, মধুপুর ভাওয়ালের গড় এবং লালমাই অঞ্চল প্লাইস্টোসিনকালে গঠিত।

৩. **সাম্প্রতিককালের প্লাবন সমভূমি :** টারশিয়ারি যুগের পাহাড়সমূহ এবং প্লাইস্টোসিনকালের সোপানসমূহ ছাড়া সমগ্র বাংলাদেশ নদীবিধৌত এ বিস্তীর্ণ সমভূমি। সমগ্র সমভূমি অঞ্চলের মাটির স্তর খুব গভীর এবং ভূমি অতি উর্বর এবং মানুষ বাসের উপযোগী। এ অঞ্চলটি সর্বত্র একই রূপ নয়।

**উপসংহার :** উপরিউক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে বলা যায় যে, ভৌগোলিক ও প্রাকৃতিক বৈশিষ্ট্যের দিক থেকে বাংলাদেশ পৃথিবীতে অনন্য। এত নদ-নদী এবং বিশাল ও উর্বর সমতল ভূমি পৃথিবীর অন্য কোনো দেশে দেখতে পাওয়া যায় না। বাংলাদেশের ভূ-প্রকৃতি এদেশের জনজীবনের উপর গভীর প্রভাব বিস্তার করেছে।

## □ খ. নৃতাত্ত্বিক গঠন

**প্রশ্ন-১.৫। 'বাঙালি সংকর জাতি'—ব্যাখ্যা কর।** *[জা. বি. অনার্স ১ম বর্ষ ২০১৪, ২০১৮, ২০২০; ডিগ্রি ১ম বর্ষ ২০১৫, ২০১৭, ২০১৯]*

অথবা, **বাঙালি নরগোষ্ঠীকে কেন সংকর জনগোষ্ঠী বলা হয়?** *[জা. বি. অনার্স ৪র্থ বর্ষ ২০১৪, ২০১৭]*

অথবা, **বাঙালিকে কেন সংকর জাতি বলা হয়?** *[ঢা. বি. অনার্স ৪র্থ বর্ষ ২০১৬]*

অথবা, **বাঙালির নৃতাত্ত্বিক বৈশিষ্ট্যসমূহ আলোচনা কর।** *[ঢাকা কলেজ; কবি নজরুল সরকারি কলেজ, ঢাকা; ঢা. বি. অনার্স ১ম বর্ষ ২০১৭]*

**উত্তর : ভূমিকা :** বাঙালি জাতি সম্পর্কে নৃ-বিজ্ঞানীদের ধারণা, এটি একটি মিশ্রিত জাতি এবং এ অঞ্চলে বসবাসকারী আদিতম মানবগোষ্ঠীসমূহের মধ্যে অন্যতম। পৃথিবীর বহুজাতি বাংলায় অনুপ্রবেশ করেছে। অনেকে আবার বেরিয়েও গেছে। তবে পেছনে রেখে গেছে তাদের আগমনের আশ্চর্য প্রমাণ। এদের আগমন, বসতি, ভাষা, সাহিত্য, সংস্কৃতি, নৃ-তাত্ত্বিক গঠন প্রভৃতি বাঙালিদের নৃ-তাত্ত্বিক গঠনে ব্যাপক প্রভাব বিস্তার করেছে।

**বাঙালির নৃ-তাত্ত্বিক পরিচয় :** বৃহত্তর বাঙালির রক্তে মিশ্রিত আছে বহু এবং বিচিত্র সব নরগোষ্ঠির অস্তিত্ব। দীর্ঘকাল বিভিন্ন জন ও কোমে বিভক্ত হয়ে এ আদি মানুষেরা বঙ্গের বিভিন্ন জায়গায় বসবাস করেছে এবং একে অপরের সাথে মিশ্রিত হয়েছে শতকের পর শতকব্যাপী। এ জাতিতাত্ত্বিক নৃ-বিজ্ঞানীদের মতে, পৃথিবীর চারটি প্রাচীন প্রধান নরগোষ্ঠীর প্রতিটির কোনো না কোনো শাখার আগমন ঘটেছে বাংলায়। নরগোষ্ঠীগুলো হলো : নিগ্রীয় বা নেগ্রিটো, মঙ্গোলীয়, ককেশীয়

ও অস্ট্রেলীয়। এদের পরে আসা আর্যরা একটি নতুন শক্তি নিয়ে বাংলায় আবির্ভূত হয়। এদের ভাষা, ধর্ম, সামাজিক রীতিনীতি এবং সংস্কৃতির অন্যান্য উপাদানসমূহ এদেশে প্রতিষ্ঠা লাভ করে। প্রাচীন যুগের পর মধ্যযুগে বাংলায় আরব, তুর্কি, পাঠান, আফগান, পারসিক, তথা ইরানি বংশোদ্ভূত জাতিগোষ্ঠী বাংলার নৃ-তাত্ত্বিক কাঠামোতে নতুন জাতিসত্তার সজ্ঞানে মিশ্রজাতিতে পরিণত হয়। তাছাড়া প্রাচীন ও মধ্যযুগের ন্যায় আধুনিক ঔপনিবেশিক শাসনামলে (১৭৫৭-১৯৪৭) বহুজাতির উপস্থিতি ও রক্তের সংমিশ্রণে বাঙালির নৃ-তাত্ত্বিক কাঠামোতে পরিবর্তন সূচিত হয়। ব্যবসায়, ধর্মপ্রচার ও পরবর্তীতে রাষ্ট্র ক্ষমতায় থাকাকালে ইউরোপীয়গণ যেমন- ব্রিটিশ, পর্তুগিজ, ওলন্দাজ, ফরাসি, স্পেনিশ, আর্মেনিয়ান প্রভৃতি জাতি বাংলায় অনুপ্রবেশ করে। ফলে যুগে যুগে বাঙালির নৃ-তাত্ত্বিক গঠন সংকরায়ণের আবর্তে চলমান থাকে। এজন্য পণ্ডিতবর্গ বাঙালিকে সংকর জাতি হিসেবে অভিহিত করেছেন।

**উপসংহার :** সবশেষে বলা যায় যে, এভাবে প্রাচীন, মধ্য ও আধুনিক যুগে বাঙালি জাতির নৃ-তাত্ত্বিক কাঠামোতে রক্তের মিশ্রণ প্রক্রিয়া সুস্পষ্ট ধরা পড়ে। যুগে যুগে ভারত ও ভারতের বাহির থেকে, মৌর্য, গুপ্ত, পাল, সেন, বর্মন, খড়্গ, তুর্কি, আরব, আফগান, মুঘল, পর্তুগিজ, ইংরেজ, ফরাসি, স্পেনিশ, ওলন্দাজ, গ্রিক, আর্মেনিয়ানসহ প্রভৃতি জাতিগোষ্ঠীর রক্তের সংমিশ্রণ ঘটেছে বাঙালির নৃ-তাত্ত্বিক কাঠামোতে। ফলে একথা নিঃসন্দেহে বলা যায় যে, বাঙালি একটি সংকর জাতি।

## □ গ. ভাষা

**প্রশ্ন-১.৬। বাংলা ভাষার উদ্ভব সম্পর্কে আলোচনা কর।** *[ঢা. বি. ডিগ্রি ১ম বর্ষ ২০১৬]*

অথবা, **বাংলা ভাষার উৎপত্তি ও ক্রমবিকাশ সংক্ষেপে তুলে ধর।** *[চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ; বরিশাল সরকারি মহিলা কলেজ]*

অথবা, **বাংলা ভাষার বিবর্তন ধারা বর্ণনা কর।** *[সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী]*

**উত্তর : ভূমিকা :** ভাষাবিজ্ঞানীদের ধারণা, পৃথিবীতে চার থেকে আট হাজারের মতো ভাষা আছে। তন্মধ্যে বাংলা হলো একটি ভাষা। বাঙালি জাতি এই ভাষার সাহায্যে নিজেদের মনের ভাব প্রকাশ ও আদান-প্রদান করে বলেই তা বাংলা ভাষা হিসেবে সুপরিচিত। ভাষাভাষী জনসংখ্যার দিক থেকে বাংলা পৃথিবীর সপ্তম স্থানীয় ভাষা। বর্তমানে বাংলাদেশের একমাত্র ভাষা এবং পৃথিবীর বহুদেশে প্রায় ৩৫ কোটি মানুষ বাংলা ভাষায় কথা বলে।

**বাংলা ভাষার উৎপত্তি ও ক্রমবিকাশ :** বাংলা ভাষা বিভিন্ন ভাষার উপাদানের সমন্বয়ে সৃষ্টি হয়েছে। এ উপাদানগুলো হলো অনার্য, অস্ট্রিক, দ্রাবিড়, কোল, মুন্দা, মঙ্গোলীয়, ককেশীয়, আলপাইন, আর্যভাষা, তথা মধ্য ও আধুনিক যুগের বাংলায় অনুপ্রবেশকারী আরবি, তুর্কি, ফারসি, ওলন্দাজ, ইংরেজি, গ্রিক, জাপানিজ, সংস্কৃত, ফরাসিসহ ইত্যাদি জাতিগোষ্ঠির ভাষার শব্দ সম্ভারের সমন্বয়ে বাংলা ভাষা বর্তমান রূপ লাভ করেছে। তবে আনুমানিক ৫০০০ খ্রিষ্টপূর্বাব্দের কাছাকাছি সময়ে ইন্দো-ইউরোপীয় মূল ভাষা বংশ থেকে কালক্রমে-শতম-ইন্দো-ইরানীয়-ভারতীয়-প্রাকৃত-মাগধী, প্রাকৃত-বঙ্গকামরূপী-অসমীয়া-বাংলা ভাষার উদ্ভব ঘটেছে। আর উদ্ভবের সময় থেকে আজ পর্যন্ত বাংলাকে তিনটি ঐতিহাসিক পর্যায়ে ভাগ করে দেখা হয়। যথা- (ক) প্রাচীন বাংলা (৯০০-১৩৫০ খ্রি.), (খ) মধ্যবাংলা (১৩৫০-১৮০০ খ্রি.), (গ) আধুনিক বাংলা (১৮০০ -এর পরবর্তী)। বাংলা ভাষা উদ্ভবের পর থেকে দীর্ঘ সময় ধরে এর শ্রীবৃদ্ধি তথা বিকাশ ঘটেছে বিভিন্ন পর্যায় ও সূত্রের প্রভাবে। বর্তমানে বাংলাদেশের রাষ্ট্রভাষা বাংলা। একই সাথে এই ভাষা পশ্চিমবঙ্গ, ত্রিপুরা ও আসামের প্রশাসনিক ভাষা। সিয়েরা লিওনের দ্বিতীয় প্রধান ভাষা হলো বাংলা। ১৯৯০ সালে বাংলাদেশ সরকারের এক প্রজ্ঞাপনে জীবনের সর্বক্ষেত্রে বাংলার ব্যবহার বাধ্যতামূলক করা হয়। মূলত রাষ্ট্রভাষা, মাতৃভাষা, শিক্ষা, শিল্প, সাহিত্য চর্চা, ধর্মীয় অনুষ্ঠানাদি, নাটক, গণমাধ্যম ইত্যাদি ক্ষেত্রে মানসম্মত বাংলা ভাষাই ব্যবহৃত হয়। আর এভাষাতেই সাহিত্য সাধনা করে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর 'গীতাঞ্জলি' কাব্যের জন্য ১৯১৩ সালে নোবেল পুরস্কার লাভ করেন।

**উপসংহার :** উপরিউক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে বলা যায় যে, পৃথিবীতে একমাত্র দেশই ভাষার জন্য রক্তদান করেছে, সে দেশটি হলো বাংলাদেশ। এর স্বীকৃতিস্বরূপ জাতিসংঘের ইউনেস্কো ১৯৯৯ সালের ১৭ নভেম্বর ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালনের ঘোষণা প্রদান করে। আর বাংলা-ই সম্ভবত পৃথিবীতে একমাত্র ভাষা, যার প্রতি ভালোবাসা ও মর্যাদাবোধ থেকে একটি স্বাধীন রাষ্ট্রের জন্ম হয়েছে।

**প্রশ্ন-১.৭। বাংলা নামের উৎপত্তি সম্পর্কে সংক্ষেপে/টীকা লিখ।**

*[ঢা. বি. ৭ কলেজ অনার্স ১ম বর্ষ ২০১৯; জা. বি. অনার্স ১ম বর্ষ ২০১৪, ২০১৬, ২০১৯, ২০২১; অনার্স ৪র্থ বর্ষ ২০১৪, ২০১৬; ডিগ্রি ১ম বর্ষ ২০১৪, ২০১৮, ২০২০]*

# ঢাকা বিশ্ববিদ্যালয় (অধিভুক্ত ৭ কলেজ)

## অনার্স প্রথম বর্ষ; পরীক্ষা-২০১৯

**বিষয় : স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস**

বিষয় কোড : 211501

সময় : ৩ ঘন্টা পূর্ণ নম্বর-৮০

[প্রতিটি বিভাগের প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে লিখতে হবে।

**ক-বিভাগ**

**যে কোনো ০৪ (চার) টি প্রশ্নোত্তর উত্তর দাও।** **৫ × ৪= ২০**

১। বাংলা' নামের উৎপত্তি সম্পর্কে সংক্ষেপে লিখ। **[উত্তর: প্রশ্ন-১.৭; পৃ-৬]**

২। দ্বিজাতি তত্ত্ব সম্পর্ক আলোচনা কর। **[উত্তর: প্রশ্ন-২.৯; পৃ-৩৫]**

৩। পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে অর্থনৈতিক বৈষম্য সম্পর্কে লিখ। **[উত্তর: প্রশ্ন-৩.৪; পৃ-৬৬]**

৪। ভাষা আন্দোলনের পটভূমি তুলে ধর। **[উত্তর: প্রশ্ন-৪.৯; পৃ-৯২]**

৫। ছয় দফা কর্মসূচিকে কেন বাঙালির ম্যাগনাকাটা বলা হয়? **[উত্তর: প্রশ্ন-৬.১২; পৃ-১৪৯]**

৬। ছাত্রদের **১১** দফা দাবীর বিষয়বস্ত উল্লেখ কর। **[উত্তর: প্রশ্ন-৭.৫; পৃ-১৭০]**

৭। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চ ভাষণের গুরুত্ব লিখ। **[উত্তর: প্রশ্ন-৮.১০; পৃ-১৮৮]**

**খ বিভাগ**

**যে কোনো ৫ (পাঁচ)টি প্রশ্নোত্তর উত্তর দাত্ত।** **১২ × ৫= ৬০**

৮। বাংলাদেশের ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্য আলোচনা করা। **[উত্তর: প্রশ্ন-১.১; পৃ-১১]**

৯। যে রাজনৈতিক অবস্থার প্রেক্ষিতে ১৯৪৭ সালে পাকিস্থানের সৃষ্টি হয় তা আলাোচনা কর। **[উত্তর: প্রশ্ন-২.১৫; পৃ-৬০]**

১০। **১৯৫২** সালের রাষ্ট্রভাষা আন্দোলনের তাৎপর্য ব্যাখ্যা কর। **[উত্তর: প্রশ্ন-৪.৬; পৃ-১০৬]**

১১। যুক্তফ্রন্ট কী ছিল? **১৯৫৪** সালের পূর্ব বাংলার প্রাদেশিক পরিষদ নির্বাচনে এ ফ্রন্টের বিজয়ের তাৎপর্য ব্যাখ্যা কর। **[উত্তর: প্রশ্ন-৪.১২; পৃ-১১৫]**

১২। **১৯৬৯** সালের গণ অভ্যুত্থানের প্রকৃতি ও তাৎপর্য বিশ্লেষণ কর। **[উত্তর: প্রশ্ন-৭.২; পৃ-১৭৩]**

১৩। বাংলাদেশের মুক্তিযুদ্ধে বৃহৎ শক্তিবর্গের ভূমিকা পর্যালোচনা কর। **[উত্তর: প্রশ্ন-৯.১০; পৃ-২৪৮]**

১৪। বাংলাদেশের রাজনীতিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সম্মোহনী নেতৃত্বের ভূমিকা মূল্যায়ন কর। **[উত্তর: প্রশ্ন-৯.১৯; পৃ-২৬১]**

১৫। **১৯৭২** সালের বাংলাদেশ সংবিধানের প্রধান বৈশিষ্ট্যসমূহ আলোচনা কর। **[উত্তর: প্রশ্ন-১০.৪; পৃ-২৮০]**

# ঢাকা বিশ্ববিদ্যালয় (অধিভুক্ত ৭ কলেজ)

## অনার্স প্রথম বর্ষ; পরীক্ষা-২০২০

**বিষয় : স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস**

বিষয় কোড : 211501

**সময় : ২ ঘন্টা পূর্ণ নম্বর-৮০**

[প্রতিটি বিভাগের প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে লিখতে হবে।

**ক-বিভাগ**

**যে কোনো ০৪ (চার) টি প্রশ্নোত্তর উত্তর দাও।** **১০ × ৪ = ৪০**

১। বাংলাদেশের ভৌগোলিক অবস্থান বর্ণনা কর। **[উত্তর: প্রশ্ন-১.১; পৃ-৩]**

২। অখণ্ড বাংলা গঠনের প্রচেষ্টা কেন ব্যর্থ হয়েছিল? **[উত্তর: প্রশ্ন-২.১৪; পৃ-৩৮]**

৩। যুক্তফ্রন্ট গঠনের প্রেক্ষাপট ব্যাখ্যা কর। **[উত্তর: প্রশ্ন-৪.১৪; পৃ-৯৫]**

৪। ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের তাৎপর্য বিশ্লেষণ কর। **[উত্তর: প্রশ্ন-৭.৪; পৃ-১৬৯]**

৫। অপারেশন সার্চ লাইটের উদ্দেশ্য কী ছিল? **[উত্তর: প্রশ্ন-৮.১১; পৃ-১৮৯]**

৬। বাংলাদেশের মুক্তিযুদ্ধে যৌথবাহিনীর ভূমিকা সম্পর্কে টীকা লিখ। **[উত্তর: প্রশ্ন-৯.৩৪; পৃ-২৩৪]**

৭। বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন সম্পর্কে টীকা লিখ। **[উত্তর: প্রশ্ন-১০.১; পৃ-২৬৮]**

৮। ১৯৭২ সালের বাংলাদেশের সংবিধানের প্রধান বিষয়সমূহ সংক্ষেপে ব্যাখ্যা কর। **[উত্তর: প্রশ্ন-১০.৩; পৃ-২৬৯]**

### খ বিভাগ

**যে কোনো ৫ (পাঁচ)টি প্রশ্নোত্তর উত্তর দাও।** **২০ × ২ = ৪০**

৯। বাংলাদেশের অধিবাসীদের অর্থনৈতিক জীবনধারায় ভূ-প্রকৃতির প্রভাব আলোচনা কর। **[উত্তর: প্রশ্ন-১.২; পৃ-১২]**

১০। পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে অর্থনৈতিক বৈষম্যের বিবরণ দাও। **[উত্তর: প্রশ্ন-৩.৯; পৃ-৮০]**

১১। ১৯৬৬ সালের ছয় দফা আন্দোলনের পটভূমি ও গুরুত্ব সম্পর্কে লিখ। **[উত্তর: প্রশ্ন-৬.৫; পৃ-১৫৭]**

১২। যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশের পুনর্গঠনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ পর্যালোচনা কর। **[উত্তর: প্রশ্ন-১০.৬; পৃ-২৮৩]**

## ঢাকা বিশ্ববিদ্যালয় (অধিভুক্ত ৭ কলেজ)

### অনার্স প্রথম বর্ষ; পরীক্ষা-২০২১

**বিষয় : স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস**

বিষয় কোড : 211501

**সময় : ২ ঘন্টা** **পূর্ণ নম্বর-৮০**

[প্রতিটি বিভাগের প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে লিখতে হবে।

### ক-বিভাগ

**যে কোনো চারটি প্রশ্নোত্তর উত্তর দাও।** **৫ × ৪ = ২০**

১। বাংলা নামের উৎপত্তি সম্পর্কে সংক্ষেপে লেখ। **[উত্তর: প্রশ্ন-১.৭; পৃ-৬]**

২। বাঙালি সংস্কৃতির সমন্বয়বাদিতা বলতে কী বুঝায়? **[উত্তর: প্রশ্ন-১.১০; পৃ-৮]**

৩। লাহোর প্রস্তাবের বিষয়বস্তু কী ছিল? **[উত্তর: প্রশ্ন-২.৭; পৃ-৫০]**

৪। ১৯৪৯ সালে আওয়ামী লীগ গঠিত হয়েছিল কেন? **[উত্তর: প্রশ্ন-৪.৪; পৃ-৮৯]**

৫। ছয়দফা কর্মসূচিকে কেন বাঙালির 'ম্যাগনাকার্টা' বলা হয়? **[উত্তর: প্রশ্ন-৬.১২; পৃ-১৪৯]**

৬। আগরতলা মামলার কারণ কি ছিল? **[উত্তর: প্রশ্ন-৬.১৫; পৃ-১৫১]**

৭। বাংলাদেশের স্বাধীনতায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চ ভাষণের গুরুত্ব লেখ। **[উত্তর: প্রশ্ন-৮.১০; পৃ-১৮৮]**

### খ বিভাগ

**যেকোনো পাঁচটি প্রশ্নোত্তর উত্তর দাও।** **৫ × ১২ = ৬০**

৮। বাংলাদেশের ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্য আলোচনা কর। **[উত্তর: প্রশ্ন-১.১; পৃ-১১]**

৯। ১৯৪৭ সালে অখন্ড স্বাধীন বাংলা রাষ্ট্র গঠনের পরিকল্পনা ব্যাখ্যা কর। এ পরিকল্পনা ব্যর্থ হয়েছিল কেন? **[উত্তর: প্রশ্ন-২.১৩; পৃ-৫৮]**

১০। ১৯৫২ সালের ভাষা আন্দোলনের পটভূমি আলোচনা কর। **[উত্তর: প্রশ্ন-৪.৫; পৃ-১০৫]**

১১। ১৯৫৪ সালের প্রাদেশিক নির্বাচনে যুক্তফ্রন্টের বিজয়ের কারণ উল্লেখ কর। **[উত্তর: প্রশ্ন-৪.১১; পৃ-১১৪]**

১২। ১৯৭০ সালের নির্বাচনের ফলাফল ও তাৎপর্য বিশ্লেষণ কর। **[উত্তর: প্রশ্ন-৮.২; পৃ-১৯২]**

১৩। মুক্তিযুদ্ধে মুজিবনগর সরকারের ভূমিকা বর্ণনা কর। **[উত্তর: প্রশ্ন-৯.৪; পৃ-২৪০]**

১৪। বাংলাদেশের মুক্তিযুদ্ধে বৃহৎ শক্তিবর্গের ভূমিকা পর্যালোচনা কর। **[উত্তর: প্রশ্ন-৯.১০; পৃ-২৪৮]**

১৫। বাংলাদেশের রাজনীতিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সম্মোহনী নেতৃত্বের ভূমিকা মূল্যায়ন কর। **[উত্তর: প্রশ্ন-৯.১৯; পৃ-২৬১]**

# ঢাকা বিশ্ববিদ্যালয় (অধিভুক্ত ৭ কলেজ)

**অনার্স প্রথম বর্ষ; পরীক্ষা-২০২২** (অনুষ্ঠিত- ২৭/০৯/২০২৩)

**বিষয় : স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস**

বিষয় কোড : 211501

**সময় : ৪ ঘন্টা পূর্ণ নম্বর-৮০**

[প্রতিটি বিভাগের প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে লিখতে হবে।

## ক-বিভাগ

যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৫x৪ = ২০

১. বাঙালিকে কেন সংকর জনগোষ্ঠী বলা হয়? **[উত্তর: প্রশ্ন-১.৫; পৃষ্ঠা-৫]**
[Why are the Bengalis called a mixed population?]

২. বসু-সোহরাওয়াদী চুক্তি কী? **[উত্তর: প্রশ্ন-২.১১; পৃষ্ঠা-৩৬]**
[What is the Basu-Suhrawardy Treaty?]

৩. ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সুদূরপ্রসারী ফলাফল সংক্ষেপে পর্যালোচনা কর। **[উত্তর: প্রশ্ন-৪.১০; পৃষ্ঠা-৯৩]**
[Briefly review the long-term results of the Language Movement of 1952.]

৪. 'অপারেশন সার্চলাইট' সম্পর্কে কী জানো? **[উত্তর: প্রশ্ন-৮.১১; পৃষ্ঠা-১৮৯ ]**
[What do you know about 'Operation Searchlight?]

৫ . মুজিবনগর সরকার কেন গঠিত হয়েছিল? **[উত্তর: প্রশ্ন-৯.৫; পৃষ্ঠা-২১৭]**
[Why did the Mujibnagar Government form?]

৬. বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন কেন গুরুত্বপূর্ণ?
[Why is the homecoming of Bangabandhu important?]

৭. ‘বঙ্গ থেকে বাংলাদেশ এবং বঙ্গবন্ধু'- টীকা লেখ। **[উত্তর: প্রশ্ন-১.১৪; পৃষ্ঠা-১০]**
[Write a short note on 'Banga to Bangladesh and Bangabandhu'.]

গ-বিভাগ

যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ১২ × ৫ = ৬০

৮. বাংলাদেশের সমাজ ও জনগোষ্ঠীর ওপর ভৌগোলিক প্রভাব বিশ্লেষণ কর। [Analyze the impact of the geographical features on the society and the people of Bangladesh.] **[উত্তর: প্রশ্ন-১.২; পৃষ্ঠা-১২]**

৯. পাকিস্তানের দুই অংশের মধ্যে সামাজিক ও অর্থনৈতিক বৈষম্যের বিবরণ দাও। [Describe the social and economic disparity between two parts of Pakistan.] **[উত্তর: প্রশ্ন-৩.৬; পৃষ্ঠা-৭৫]**

১০. কেন যুক্তফ্রন্ট গঠিত হয়েছিল? ১৯৫৪ সালের নির্বাচনের গুরুত্ব ব্যাখ্যা কর। [Why did the United Front form? Explain the importance of the elections of 1954.] **[উত্তর: প্রশ্ন-৪.১৪, ৪.১০; পৃষ্ঠা-৯৫, ১১২]**

১১. যথা ক্রমানুসারে ছয় দফা উল্লেখ কর। ছয়দফাভিত্তিক আন্দোলনের প্রভাব পরীক্ষানিরীক্ষা কর। [Mention each of the six-points in the proper sequence. Examine the impacts of the movements based on the six-points programme.] **[উত্তর: প্রশ্ন-৬.৭, ৬.৮; পৃষ্ঠা-১৪৬,১৬২ ]**

১২. ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের প্রেক্ষাপট ও গুরুত্ব পর্যালোচনা কর। [Review the background and importance of the Mass Upsurge of 1969.] **[উত্তর: প্রশ্ন-৭.২; পৃষ্ঠা-১৭৩]**

১৩. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কেন ১৯৭১ সালের মার্চ মাসে অসহযোগ আন্দোলনের ডাক দিয়েছিলেন? এই আন্দোলনের বিস্তার সম্পর্কে বর্ণনা দাও। [Why did Bangabandhu Sheikh Mujibur Rahman declare the Non-cooperation Movement in the month of March 1971? Describe the expansion of this movement.]
**[উত্তরঃ প্রশ্ন- ৮.১৩; পৃষ্ঠা-২০৭ ]**

১৪. যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশ পুনর্গঠনে বঙ্গবন্ধু সরকারের (১৯৭২-১৯৭৫) পদক্ষেপসমূহ পর্যালোচনা কর। [Review the steps taken by the Bangabandhu Govemment (1972-1975) in reconstructing war-ravaged Bangladesh.] **[উত্তরঃ প্রশ্ন-১০.৬ ; পৃষ্ঠা-২৮৩]**

১৫. ১৯৭২ সালের সংবিধানের মূলনীতিসমূহের বিশেষ উল্লেখপূর্বক এর প্রধান বৈশিষ্ট্যসমূহ মূল্যায়ন কর। [Evaluate the main features of the Constitution of 1972, with special mention to its basic principles.]
**[উত্তরঃ প্রশ্ন- ১০.৩, ১০.৪; পৃষ্ঠা-২৬৯,২৮০ ]**

■■■